জ্বালানি ও খনিজসম্পদবিভাগ
বাংলাদেশপেট্রোলিয়ামইন্সটিটিউট
সেক্টর- ৮, প্লট- ৫/এ, উত্তরামডেলটাউন, ঢাকা- ১২৩০
bpi.gov.bd

বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত নভেম্বর, ২০২০ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : এ কে মহিউদ্দিন আহমদ,মহাপরিচালক, বিপিআই।

সভার তারিখ : ১৮/১১/২০২০।

সভার সময় : দুপুর ১২.০০ ঘটিকা।

স্থান : বিপিআই-এর সম্মেলন কক্ষ।

উপস্থিতি : (১) জনাব মাহবুবা ফারজানা, পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)।
(২) জনাব মো: সামসুল আলম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (রিসার্স এন্ড ডেভেলপমেন্ট শাখা)।
(২) জনাব মো: সাহিদুজ্জামান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)।
(৩) জনাব মো: হারুন-অর-রশীদ, সহকারী পরিচালক (প্রশাসন শাখা)।
(৪) জনাব মো: নুরে আলম শিকদার, সহকারী পরিচালক (ভান্ডার শাখা)।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

২। অত:পর সভায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অগ্রগতি ও বাস্তবায়নের বিষয়ে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | সেবা প্রদান প্রতিশ্রুতি ও নাগরিক সেবার বিষয়ে আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ১। | সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী প্রয়োজন আছে কিনা জানতে চাওয়া হলে উপস্থিত সকল কর্মকর্তা জানান যে, সংশোধনের প্রয়োজন নাই। বিগত মাসের সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে মর্মে সভাকে জানানো হয়। | কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। | উপপরিচালক । |
| ২। | ডিসেম্বর, ২০২০ মাসে সিডিউল অনুযায়ী প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। | ডিসেম্বর, ২০২০ মাসের সিডিউল অনুযায়ী **Design, Construction, Operation & Maintenance of Gas Pipeline** শীর্ষক কোর্সটি ০১-০৩ ডিসেম্বর,২০২০ তারিখে, **Communicative English and Presentation Skills** শীর্ষক কোর্সটি ০৬-০৮ ডিসেম্বর,২০২০ | ১। উপপরিচালক।<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণঅধিশাখা)।<br>৩। সহকারী পরিচালক (প্রশাসনশাখা)। |

জ্বালানি ও খনিজসম্পদবিভাগ
বাংলাদেশপেট্রোলিয়ামইন্সটিটিউট
সেক্টর- ৮, প্লট- ৫/এ, উত্তরামডেলটাউন, ঢাকা- ১২৩০
bpi.gov.bd

| | | | |
|---|---|---|---|
| | | তারিখে, **Occupational Safety, Health and Environmental Management** শীর্ষক কোর্সটি ১৩-১৫ ডিসেম্বর,২০২০ তারিখে এবং Capacity Enhancement to Facilitate Services (সেবা সহজীকরণে সক্ষমতা বৃদ্ধি) শীর্ষক কোর্সটি ২১-২২ ডিসেম্বর,২০২০ তারিখে সুষ্ঠুভাবে আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | |
| ৩। | অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজন সংক্রান্ত আলোচনা করা হয়। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখের মধ্যে অভ্যন্তরীণ প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক ( প্রশাসন ও প্রশিক্ষণ)।<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)।<br>৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)। |
| ৪। | অভিযোগ প্রতিকার ব্যবস্থাকরণ সংক্রান্ত বিপিআই এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নিয়োগের বিষয়ে আলোচনা করা হয়। | সিদ্ধান্ত : (১) বিপিআই এর পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)-কে অভিযোগ নিষ্পত্তিকরণ কর্মকর্তা ও উপপরিচালক-কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে নিয়োগের লক্ষ্যে একটি অফিস আদেশ জারি করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) কোন অভিযোগ পাওয়া গেলে দ্রুত নিষ্পত্তির বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১। পরিচালক ( প্রশাসন ও প্রশিক্ষণ)।<br>২। উপপরিচালক।<br>৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)। |
| ৫। | বিপিআই এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় বিভিন্ন কার্যক্রম সম্বলিত একটি ক্যালেন্ডার প্রণয়নের বিষয়ে আলোচনা করা হয়। | সিদ্ধান্ত : বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় বিভিন্ন কার্যক্রম সম্বলিত একটি ক্যালেন্ডার প্রণয়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপপরিচালক। |

জ্বালানি ও খনিজসম্পদবিভাগ
বাংলাদেশপেট্রোলিয়ামইন্সটিটিউট
সেক্টর- ৮, প্লট- ৫/এ, উত্তরামডেলটাউন, ঢাকা- ১২৩০
bpi.gov.bd

| | | | |
|---|---|---|---|
| ৬। | বিপিআই এর অংশীজনের অংশগ্রহণে অভিযোগ প্রতিকার সেবা গ্রহীতা/ অংশীজনদের অবহিতকরণ সভা, সেবা প্রদান প্রতিশ্রুতি ও উত্তম চর্চা বিষয়ে অংশীজনের সংগে মতবিনিময় সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | সিদ্ধান্ত : এপিএ এর অন্তর্ভুক্ত কার্যাবলীর অংশ হিসেবে অভিযোগ প্রতিকার সেবা গ্রহীতা/ অংশীজনদের অবহিতকরণ সভা আগামী ২৬/১১/২০২০ তারিখে, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতাদের অবহিতকরণ সভা আগামী ২৯/১১/২০২০ তারিখে এবং উত্তম চর্চা বিষয়ে অংশীজনের সংগে মতবিনিময় সভা আগামী ২৩/১২/২০২০ তারিখে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক ( প্রশাসন ও প্রশিক্ষণ)।<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)।<br>৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)।<br>৪। সহকারী পরিচালক (ভান্ডার শাখা)। |
| ৭। | ই-নথির ব্যবহার নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা করা হয়। সভায় বলা হয় যে, বিপিআই এর কর্মকর্তা ও কর্মচারীদের এ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এমতাবস্থায়, ই-নথির মাধ্যমে সকল নথি উপস্থাপন করা করার বিষয়ে তাগিদ প্রদান করা হয়। | সিদ্ধান্ত : ই-নথির ব্যবহার অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক ( প্রশাসন ও প্রশিক্ষণ)।<br>২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা)।<br>৩। সহকারী পরিচালক (প্রশাসন শাখা)।<br>৪। সহকারী পরিচালক (ভান্ডার শাখা) ও<br>৫। সকল কর্মকর্তা। |
| ৮। | ইন্টারনেট/টেলিফোন ও বিদ্যুৎ বিল যথাসময়ে পরিশোধের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া, বিদ্যুৎ খরচ কমানোর জন্য সাশ্রয়ী হওয়ার বিষয়ে সভাপতি বিশেষ নির্দেশনা দেন। | সিদ্ধান্ত: সময়মত ইউটিলিটি বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপপরিচালক।<br>২। সহকারী পরিচালক (হিসাব শাখা)। |

জ্বালানি ও খনিজসম্পদবিভাগ
বাংলাদেশপেট্রোলিয়ামইন্সটিটিউট
সেক্টর- ৮, প্লট- ৫/এ, উত্তরামডেলটাউন, ঢাকা- ১২৩০
bpi.gov.bd

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ

(একে মহিউদ্দিন আহমদ )
মহাপরিচালক
ফোন: ৮৯৩৩৩৩৪

নং-২৮.০৪.০০০০.০০৩.০৫.০০৩.১৯-৪৭৭

তারিখ : ২২ নভেম্বর, ২০২০ / ৭ অগ্রহায়ন, ১৪২৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১। সিনিয়র সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
[দৃষ্টি আকর্ষণ : উপসচিব, (প্রশাসন-২ অধিশাখা)]

২। জনাব মাহবুবা ফারজানা, পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

৩। জনাবমো: সামসুল আলম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

৪। জনাব মো: সাহিদুজ্জামান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা) বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

৫। জনাব মো: হারুন-অর-রশীদ, সহকারী পরিচালক (প্রশাসন শাখা), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

৬। জনাব মো: নুরে আলম শিকদার, সহকারী পরিচালক (ভান্ডার শাখা), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

22/১১/2020

(একে মহিউদ্দিন আহমদ )
মহাপরিচালক